

ঋণ খেলাপী শিশু

কোটি কোটি নয়, মাত্র একটি শিশুর হাসি
অম্লান রাখার নিশ্চয়তা আমি দিতে পারিনা, তাই
নিজেকে বিশ্ব সেরা মানুষ ভাবতে
দ্বিধার দেয়াল বাড়ছে কেবল ।

আমি শিশুদের ভবিষ্যত কেড়ে নিচ্ছি চমৎকার প্রতারণায়,
ভবিষ্যতের সুবর্ণ স্বপ্ন দেখিয়ে ছিনিয়ে নিচ্ছি ওর বর্তমান,
তারপর মহাফূর্তিতে কচকচিয়ে চিবুচ্ছি ওর মেধা ।
আমি ওর গ্যাস নিচ্ছি
আমি ওর পানি নিচ্ছি
আমি ওর বৃক্ষ নিচ্ছি –
আমি ওর ন্যূনতম সম্পদ কেড়ে নিচ্ছি ।

ও যখন আমার বয়সী হবে, দেখবে
– গ্যাস নেই
– পানি নেই
– বৃক্ষ নেই
সম্পদের খলিতে এক বোঝা ঋণের দায় ।
সে ঋণের সবটাই আমি খেয়ে ফেলেছি নির্বিবাদে
এবং ঋণ খেলাপী করে গেছি ওকে ।

আমি কি করে নিশ্চয়তা দেব
ওর হাসি এমনি অম্লান থাকবে
বর্তমান এবং ভবিষ্যতেও !